

স্বাস্থ্যকেন্দ্র না ভোজবাজির আখড়া

কারণ

ডাক্তার উধাও! ওষুধ, ব্যাণ্ডেজ গায়েব!!

নার্স বেপাত্তা!!! বিছানা, চেয়ার, টেবিল, আলমারি লোপাট!!!!

জনসাধারণের জন্য সরকার বিভিন্ন জায়গায় স্বাস্থ্যকেন্দ্র বানিয়েছে।

উদ্দেশ্য, প্রাথমিক চিকিৎসার জন্য মানুষজনের যাতে বেশি

দূরে না যেতে হয়.....কিন্তু আপনার কাছে স্বাস্থ্যকেন্দ্রে কি

প্রতিদিন ডাক্তার আসেন? না হলে ওই কেন্দ্রে কোন্ ডাক্তার

চাকরি করছেন, তার নাম ও হাজিরা খাতার কপি চেয়ে

দেখুন... সরকার বিনেপয়সায় যে ওষুধ পাঠায় তা পান কি?

যদি না পান তবে কোন্ ওষুধ এসেছে এবং তার

বিলি-ব্যবস্থা খাতার কপি চান.....



তথ্যের অধিকার আইন

২০০৫ অনুযায়ী :

তথ্য জানার জন্য আপনি :

▶ লিখিতভাবে তথ্য চাইতে পারেন {ধারা ৬-(১)}

▶ দলিল দস্তাবেজ, কাগজপত্র দেখতে চাইতে

পারেন {ধারা ২-(জে)}

কীভাবে

▶ প্রত্যেক সরকারি অফিসে পাবলিক

ইনফরমেশন অফিসার (পিআইও) নিযুক্ত

হয়েছে {ধারা ৫-(১)}

▶ তথ্য জানার জন্য নামমাত্র ফি সহ আবেদন,

আপনাকে পিআইও-র কাছে জমা দিতে হবে।

আর পিআইও আবেদনের প্রাপ্তিস্বীকার

করবেন {ধারা ৬-(১)}

▶ আবেদন জমা পড়ার ৩০ দিনের মধ্যে

আপনার তথ্য পাওয়ার কথা {ধারা ৭-(১)}

▶ তথ্য পাওয়ার (অর্থাৎ তথ্যের ফটোকপি, সহ

করা প্রতিলিপি পাওয়া বা তথ্য দেখার জন্যও)

আপনাকে ফি দিতে হবে {ধারা ৭-(৩)}

▶ দারিদ্রসীমার নিচে যাঁরা আছেন বা বিপিএলদের

কোনো ফি দিতে হবে না {ধারা ৭-(৫)}

তথ্য না পেলে বা ভুল তথ্য পেলে আপনি

▶ ওই একই অফিসের বা দফতরের প্রথম আপিল

আধিকারিকের কাছে আবেদন করুন। সাথে আপনার

পুরনো আবেদন পত্রের কপিটিও জুড়ে দিন {ধারা ১৯-(১)}

▶ এর পরেও তথ্য না পেলে, রাজ্য সরকারের ক্ষেত্রে

রাজ্য তথ্য কমিশন ও কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে

কেন্দ্রীয় তথ্য কমিশনে আপিল করুন {ধারা ১৯-(৩)}

▶ যদি পিআইও আপনার আবেদন না নেয় অথবা

আপনার আবেদনের কোনো উত্তর ৩০ দিনের

মধ্যে না দেয়, তবে সরাসরি তথ্য কমিশনে

অভিযোগ জানান {ধারা ১৮-(১)}

▶ পিআইও আবেদন জমা না নিলে, সময়মতো তথ্য

না দিলে, জেনে বুঝে ভুল, অসম্পূর্ণ তথ্য দিলে

অথবা নির্দিষ্ট তথ্য নষ্ট করে ফেললে - তথ্য

কমিশন সেই পিআইওকে ২৫০ থেকে ২৫

হাজার টাকা অবধি জরিমানা করতে পারে

{ধারা ২০}

সমস্ত সরকারি বিভাগ ও দফতর নিজেদের দায়িত্বেই কিছু

তথ্য স্বতঃস্ফূর্তভাবে ঘোষণা করবে {ধারা ৪(১)(বি)}

কমনওয়েলথ হিউম্যান রাইটস ইনিসিয়েটিভ

বি-১১৭, সর্বোদয় এনক্লড, দোতলা, নতুন দিল্লী - ১১০ ০১৭

ফোন - ০১১ ৪৩১৮ ০২০০, ৪৩১৮০২২৫৯৯

ফ্যাক্স : ২৬৮৬ ৪৬৮৮, ইমেল - info@humanrightsinitiative.org

ওয়েবসাইট - www.humanrightsinitiative.org



স্থানীয় যোগাযোগ :

তথ্যের অধিকার বাঁচার অধিকার

তথ্য আমাদের মৌলিক অধিকার তথ্য দিতে দায়বদ্ধ সরকার